



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

নং : ১৫.৫৫.০০০০.০০২.২৫.০৭৪.১৭.৯৪৫

তারিখ : ১৭ মার্চ ২০২১ খ্রি.

প্রেস রিলিজ

ঢাকা, ১৭ মার্চ ২০২১ খ্রি.

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত দিনব্যাপী "মুজিববর্ষ এবং জাতীয় শিশু দিবস" শীর্ষক সেমিনার ১৭ মার্চ ২০২১ খ্রি. তারিখ বুধবার অনুষ্ঠিত হয়। দিনব্যাপি আয়োজিত "মুজিববর্ষ এবং জাতীয় শিশু দিবস" শীর্ষক সেমিনারে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়স্বত্বাধীন দপ্তরসমূহের কর্মকর্তাগণ, কমিউনিটি বেতারের প্রতিনিধি ও গণমাধ্যম কর্মীসহ মোট ৭০ জন অংশগ্রহণ করেন। সেমিনারটি Online Zoom- এ তথ্য প্রযুক্তির মাধ্যমে অনুষ্ঠিত হয়।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) শাহিন ইসলাম, এনডিসি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। মাননীয় তথ্য ও সম্প্রচার সচিব জনাব খাজা মিয়া এ সেমিনারের সম্মানিত প্রধান অতিথি হিসেবে অনলাইনে সংযুক্তহন এবং আলোচনায় অংশ নেন।

এ সেমিনারে আলোচক হিসেবে অংশ গ্রহণ করেন মুক্তিযোদ্ধা ও স্বাধীনতাপদকপ্রাপ্ত ডা. সৈয়দা বদরুন্নাহার চৌধুরী, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের প্রফেসর ড. খুরশিদা বেগম এবং বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের প্রধান নির্বাহী জনাব আবুল কালাম আজাদ। সেমিনারটির সঞ্চালনা করেন, ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) জনাব মো. নজরুল ইসলাম।

এ সেমিনারে আলোচকগণ বঙ্গবন্ধু ও বাংলাদেশ, বঙ্গবন্ধুর জীবনাদর্শ এবং জীবনীভিত্তিক বিভিন্ন দিক ও শিশু দিবসের তাৎপর্য সম্পর্কে আলোকপাত করেন।

এছাড়াও সেমিনারটির তথ্যপ্রযুক্তি সম্পর্কিত এবং কারিগরি কাজের তত্ত্বাবধান করেন প্রোগ্রামার জনাব মোহা: আব্দুস সালাম।

আবদুল হান্নান

(গণসংযোগ কর্মকর্তা)

ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ২। মূখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।